



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
লাকসাম, কুমিল্লা

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২১- ৮৪৮

তারিখ: ২৯ তার্দ ১৪২৮  
১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয় : ন্যাশনাল পোর্টাল প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণের পূর্বে “মুক্তপাঠ” পাঠ থেকে অনলাইন কোর্স সম্পন্ন করত: সনদ সংগ্রহকরণ প্রসঙ্গে ।

সূত্র : ১। এটুআই, ঢাকা এর ২৪ জুন ২০২১ তারিখের ৫৬.৪২.০০০০.৮০১.১০.১৮১.২০-৫৮০ নং স্মারক।

২। জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের আইসিটি শাখা এর ১৮ জুলাই ২০২১ তারিখের ৪৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বে সকল কর্মকর্তাগণকে “মুক্তপাঠ” থেকে অনলাইন কোর্স সম্পন্ন করে সনদ সংগ্রহ করার জন্য সূত্রোক্ত স্মারকদ্বয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া “মুক্তপাঠ” থেকে অনলাইন প্রশিক্ষণ কোর্স সম্পন্নকরণ ও সনদ গ্রহণের বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই হতে মনিটরিং করা হচ্ছে।

এমতাবস্থায়, উক্ত বিষয়টি অধিকতর গুরুত্ব বিবেচনায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে আগামী-২০/০৯/২০২১ তারিখের মধ্যে “মুক্তপাঠ” থেকে অনলাইন প্রশিক্ষণ কোর্স সম্পন্নকরত: সনদ গ্রহণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর দণ্ডে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, “মুক্তপাঠ” থেকে অনলাইন প্রশিক্ষণের জন্য <https://muktopaath.gov.bd/course-details/25> লিংকে প্রবেশ করতে হবে। এছাড়া কারিগরি সহযোগিতার জন্য জনাব মোঃ হাসান ইমাম, সহকারী প্রোগ্রামার, লাকসাম, কুমিল্লা এর মোবাইল নাম্বার-০১৮১২-৩৫৭৬১৯ অথবা জনাব মোঃ রাকিবুল হাসান, উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম এর মোবাইল নাম্বার- ০১৮২২-৫৩৮৭৯১- এ যোগাযোগ করা যেতে পারে।

উপজেলা.....কর্মকর্তা  
লাকসাম, কুমিল্লা।

১০/০৯/১২  
(এ.কে.এম সাহফুল আলম)  
উপজেলা নির্বাহী অফিসার  
লাকসাম, কুমিল্লা  
ফোন-০৮০৩২-৫১৪০০  
unolaksam1@gmail.com

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২১- ৮৪৮/১(৫)

তারিখ: ২৯ তার্দ ১৪২৮  
১৩ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১। যুগ্ম প্রকল্প পরিচালক ও যুগ্মসচিব, এটুআই প্রোগ্রাম।
- ২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ৪। মেয়ার, লাকসাম পৌরসভা, কুমিল্লা।
- ৫। চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, উপজেলা কার্যালয়, লাকসাম, কুমিল্লা।
- ৭। জনাব মোঃ রাকিবুল হাসান, উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম, কুমিল্লা।
- ৮। অফিস কপি।

১০/০৯/১২  
উপজেলা নির্বাহী অফিসার  
লাকসাম, কুমিল্লা